

# চাই শুধু

মোঃ আবদুল খালেক

চাই না-  
শুভ প্রেমকান্নায় অবিরাম নাশিতে  
কখনও  
হাসিতে  
ফাঁসিতে  
বাসিতে,  
বৃন্দাবনে নিবেদিত সুরের বাশিতে,  
মেঘের সাথে শূন্য আকাশে ভাসিতে ।

চাই না-  
সোনালী কপোল ভিজুক লোনা পানিতে  
কখনও  
বাটিতে  
ফাটিতে  
কাটিতে,  
সবুজ বৃক্ষের মলিন ছায়া মাটিতে,  
যৌবনা ফুলকুমারী নামুক ভাটিতে ।

চাই না-  
অসীম আকাশ কারো আঁচলে বাঁধিতে  
কখনও  
আধিতে  
সাধিতে  
নাদিতে,  
মলিন ফাগুন আর আগুনের গাদিতে,  
দীঘির জলে তোমাকে একান্তে কাঁদিতে ।

চাই শুধু  
হৃদয়ে বাড়ন্ত দীপ্ত সবুজ ঘাসের উন্মুক্ত নিশ্বাস-  
তোমাকে প্রেমের অপবাদ মেনে নিতে উর্বরা বিশ্বাস ।